

জেএসসি-জেডিসির ফল ৩০ ডিসেম্বর

যুগান্তর রিপোর্ট

৩০ ডিসেম্বর জেএসসি ও জেডিসি পরীক্ষার ফল প্রকাশ করা হবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ মঙ্গলবার নিজ দফতরে সাংবাদিকদের এ তথ্য জানান। একই দিন প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার ফল প্রকাশের প্রস্তুতিও চলছে। তবে মঙ্গলবার পর্যন্ত এ ব্যাপারে সিদ্ধান্ত চূড়ান্ত হয়নি। জানা গেছে, ৩০ ডিসেম্বর নতুন শিক্ষা বছরের পাঠ্যবই শিক্ষার্থীদের হাতে তুলে দেয়ার কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানেই জেএসসি এবং জেডিসি পরীক্ষার ফলাফলের সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর হাতে তুলে দেবেন শিক্ষামন্ত্রী। এ সময় মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরা উপস্থিত থাকবেন। উল্লেখ্য, এবারের এ দুই পরীক্ষায় ২৩ লাখ ৯০ হাজার ১৩৪ জন পরীক্ষার্থী ছিল।